

এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

সর্বমোট

জুলাই ২০১৪ - সেপ্টেম্বর ২০২৬



EYE CARE PROGRAM

Manabik Shahajya Sangstha

আই কেয়ার প্রোগ্রাম

ইসিপি বার্তা



মাসব্যাপী বিনামূল্যে ৮৩ রোগীর ছানি অপারেশন ও ১২০৯ জনকে চক্ষু পরীক্ষা প্রদান

সেপ্টেম্বর মাসজুড়ে দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর দোরগোড়ায় চক্ষুসেবা পৌঁছে দিতে আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি)-এমএসএস সারাদেশে ৩টি বিনামূল্যে আই ক্যাম্প ও ২টি ইন্ডাস্ট্রিয়াল সাইট টেস্টিং প্রোগ্রাম এবং ১টি স্কুল সাইট টেস্টিং প্রোগ্রাম সফলভাবে পরিচালনা করেছে। ঢাকা, নারায়নগঞ্জ, রংপুর, নীলফামারী, গাজীপুর ও পঞ্চগড়সহ বিভিন্ন এলাকায় আয়োজিত এসব কর্মসূচির মাধ্যমে মোট

১২০৯ জন রোগী বিনামূল্যে চক্ষু পরীক্ষা সেবা পেয়েছেন। এর মধ্যে ৩৮৪ জনকে চশমা এবং ১৩২ জন শিক্ষার্থীকে প্রয়োজনীয় ঔষধ প্রদান করা হয়েছে। পাশাপাশি চক্ষুস্বাস্থ্য বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৬৪৮ টি ফ্ল্যার ও পোস্টার বিতরণ করা হয়। ক্যাম্পগুলোতে ১০৯ জনের চোখে ছানি শনাক্ত হয় এবং চূড়ান্ত পরীক্ষার পর ৮৩ জন রোগীর বিনামূল্যে ছানি অপারেশন সম্পন্ন করা হয়।

এছাড়াও রোগীদের প্রয়োজনীয় পরামর্শ ও পরবর্তী চিকিৎসা গ্রহণের বিষয়ে দিকনির্দেশনা প্রদান করা হয়, যাতে তারা দীর্ঘমেয়াদে সুস্থ দৃষ্টিশক্তি বজায় রাখতে পারেন। এ উদ্যোগ দৃষ্টিশক্তি সংরক্ষণ এবং প্রান্তিক জনগোষ্ঠীর জন্য মানসম্মত চক্ষুসেবা নিশ্চিত করতে আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি)-এমএসএস - এর ধারাবাহিক প্রচেষ্টার আরেকটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

বিনামূল্যে ছানি অপারেশনে দৃষ্টিশক্তি ফিরে পেলেন ফুলি

দিনাজপুরের বিরামপুর উপজেলার একজন দরিদ্র নারী ফুলি। দীর্ঘদিন ধরে চোখের ছানিজনিত সমস্যায় ভুগতে থাকায় তাঁর দৃষ্টিশক্তি ক্রমশ কমে আসে, যা দৈনন্দিন কাজকর্মে বাধা সৃষ্টি করে। আর্থিক অসচ্ছলতার কারণে নিজের খরচে অপারেশন করানো তাঁর পক্ষে সম্ভব ছিল না। পরবর্তীতে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি)-এর বিনামূল্যে চক্ষু শিবিরে তাঁর

চোখের ছানি শনাক্ত হয় এবং তাঁকে বিশেষায়িত চিকিৎসার জন্য রংপুর চক্ষু হাসপাতালে রেফার করা হয়। পরবর্তীতে তাঁর একটি চোখের সফল ছানি অপারেশন সম্পন্ন হয়। অপারেশনের পর দৃষ্টিশক্তি ফিরে পেয়ে ফুলি এখন স্বাচ্ছন্দ্যে দৈনন্দিন কাজকর্ম করতে পারছেন। এমএসএস আই কেয়ার প্রোগ্রামের এই উদ্যোগ তাঁর জীবনে নতুন আশার আলো নিয়ে এসেছে।



গাজীপুর ও নারায়ণগঞ্জে পোশাক শ্রমিকদের জন্য বিনামূল্যে চক্ষুসেবা কার্যক্রম

পোশাক শ্রমিকদের চোখের স্বাস্থ্য সুরক্ষা ও প্রয়োজনীয় চক্ষুসেবা নিশ্চিত করতে ইপিএলিয়ার গ্রুপ-এর নারায়ণগঞ্জ ও গাজীপুরের দুটি কারখানায় বিনামূল্যে চক্ষু পরীক্ষা ও চক্ষুসেবা কার্যক্রম আয়োজন করা হয়। ইপিএলিয়ার গ্রুপ-এর উদ্যোগে এবং মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি) এর সহযোগিতায় আয়োজিত এই কার্যক্রমে সর্বমোট ৪৫৪ জন পোশাক শ্রমিকের চোখ পরীক্ষা করা হয়। দুটি ক্যাম্পে মোট ১২৯ জন শ্রমিককে

প্রয়োজনীয় চশমা এবং ৭৯ জনকে ঔষধ প্রদান করা হয়। পাশাপাশি, চোখের বিভিন্ন সমস্যা শনাক্ত করে প্রয়োজন অনুযায়ী চিকিৎসা-পরামর্শ দেওয়া হয়েছে। কর্মক্ষেত্রে শ্রমিকদের চোখের স্বাস্থ্য সুরক্ষা, চক্ষুরোগের প্রাথমিক শনাক্তকরণ এবং সচেতনতা বৃদ্ধিতে এ উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। কর্মজীবী মানুষের দোরগোড়ায় মানসম্মত চক্ষুসেবা পৌঁছে দিতে এমএসএস -এর আই কেয়ার প্রোগ্রাম (ইসিপি) এ ধরনের কার্যক্রম অব্যাহত থাকবে।

MSS
Working for the People

প্রকাশনায়: মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট - মানবিক সাহায্য সংস্থা
মোবাইল: ০১৭৩০০২৪০৩০ ইমেইল: eyecareprogram.mss@gmail.com

Eye Care Program-MSS

www.mssbd.org/our-program/eye-care-program

Eye Care Program MSS